



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যবৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. একেএম নুরুজ্জামান
সভার তারিখ : ২৬ আগস্ট ২০২১
সময় : ৯:৩০ ঘটিকা
সভার স্থান : রুম নং-১২৫০, পিকেএসএফ ভবন
সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ ও তার অগ্রগতি নিয়ে বিশদ আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনলাইন সভার আলোচনা ও সিদ্ধান্ত অবহিতকরণ।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে বিগত ২৫ আগস্ট ২০২১ তারিখে একটি অনলাইন সভা অনুষ্ঠিত হয়। পিকেএসএফ এর পক্ষ থেকে ড. একেএম নুরুজ্জামান, মহাব্যবস্থাপক (কার্যক্রম), জনাব ফারজানা হামিদ, ব্যবস্থাপক (জনবল) এবং জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ) উক্ত সভায় অংশগ্রহণ করেন। সভায় ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়িত একটি উদ্ভাবনী ধারণা, একটি ডিজিটাল সেবা ও একটি সহজিকৃত সেবা সম্পর্কে বিশদ আলোচনা হয়। এছাড়া, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ হতে ২০২১-২০২২ অর্থবছরে সরকার হতে কর্মপরিকল্পনায় পরিবর্তন আনা এবং নতুন কর্মপরিকল্পনা প্রতিষ্ঠানসমূহে প্রেরণের বিষয়েও সভায় অবহিত করা হয়।
২.	২০২০-২১ অর্থবছরের পিকেএসএফ এর ইনোভেশন কর্মকাণ্ডে অগ্রগতি।	ক. ২০২০-২১ অর্থবছরে পিকেএসএফ এর ইনোভেশন কমিটির অনুষ্ঠিত সভাসমূহের কার্যবিবরণী যথাসময়ে পিকেএসএফ-এর ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জনাব ফারজানা হামিদ, ব্যবস্থাপক (জনবল), পিকেএসএফ এবং সদস্য সচিব, ইনোভেশন কমিটি-কে পরামর্শ দেয়া হয়। খ. শুরু থেকে এ পর্যন্ত পিকেএসএফ উদ্ভাবনীমূলক কর্মকাণ্ডের শোকেসিং এর বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য জনাব মোঃ মাহবুবুর রহমান, উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ), পিকেএসএফ এবং সদস্য, ইনোভেশন কমিটি-কে পরামর্শ দেয়া হয়।

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


ড. একেএম নুরুজ্জামান
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও
ইনোভেশন অফিসার

অনুলিপি:

- আইটি শাখা (ওয়েবসাইটে আপলোড করার জন্য)
- সংশ্লিষ্ট নথি।

পিকেএসএফ ভবন, ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯; ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮; ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পরিশিষ্ট:ক

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের স্বাক্ষর

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	ড. একেএম নুরুজ্জামান	মহাব্যবস্থাপক (কার্যক্রম)	
২	জনাব সেলিনা শরীফ	উপ-মহাব্যবস্থাপক (জনবল)	
৩	জনাব মোঃ আশরাফুল হক	সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম)	
৪	জনাব মোঃ তারিকুল আলম	ব্যবস্থাপক (আইটি)	
৫	জনাব ফারজানা হামিদ	ব্যবস্থাপক (জনবল)	
৬	জনাব আবু হায়াত মোঃ রাহাত হোসেন	উপ-ব্যবস্থাপক (কার্যক্রম)	
৭	জনাব মুহাম্মদ মাহবুবুর রহমান	উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ)	

পিকেএসএফ ভবন, ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯; ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮; ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org